দৈনিক
ইত্তেফাক

তারিখ ০৪ NOV 2015
পৃষ্ঠা ১৩ কলাম ২



লক্ষ্মীপুর: দাসেরহাট জনতা কলেজের ধসে পড়া টিনসেড ও আহতদের উদ্ধার তৎপরতা -ইত্তেফাক

# লক্ষ্মীপুরে টিনসেড শ্রেণি কক্ষ ধসে নিহত ১, আহত অর্ধ শতাধিক

■ লক্ষ্মীপুর প্রতিনিধি

লক্ষ্মীপুরে জনতা ডিগ্রি কলেজে ফুটবল খেলা চলাকালীন সময়ে ভবন ধসে নারী শিশুসহ অর্ধশতাধিক মানুষ আহত ও একজন নিহত হয়েছেন। এদের মধ্যে গুরুতর আহত সাতজনকে নোয়াখালী জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। টিনসেড ঘরের নিচে চাপা পড়ে গুরুতর আহত মনির হোসেন নামে এক মাদ্রাসা ছাত্রকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেয়ার পথে রাত সোয়া ১টায় মারা যায়। নিহত মনির হোসেন নোয়াখালী সদর উপজেলার পূর্ব মাইজচরা গ্রামের মো. ইউনুছের ছেলে ও চর মটুয়া হাফিজিয়া মাদ্রাসার হিফজুল কোরআন শেষ বর্ষের ছাত্র।

সোমবার বিকালে সদর উপজেলার দাসের হাট এলাকায় স্থানীয় হাজী আব্দুল মান্নান স্মৃতি গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা দেখতে আসা অতিরিক্ত দর্শকের চাপে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ জানায়, বিকাল সাড়ে ৪টায় জনতা ডিগ্রি কলেজ মাঠে হাজী আব্দুল মান্নান স্মৃতি গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা শুরু হয়। খেলার এক পর্যায়ে কলেজের একটি ভবন (টিনসেড, সাইড ওয়াল) ধসে অর্ধশতাধিক দর্শক আহত হন। এদের মধ্যে মনোয়ারা বেগম, নুরুন নাহার, অপি, মনির হোসেন গুরুতর আহত হন।

খেলায় অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, লক্ষ্মীপুরের জেলা প্রশাসক মো. জিল্লুর রহমান চৌধুরী, জেলা আওয়ামী লীগ সভাপতি গোলাম ফারুক পিংকু, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট নুর উদ্দিন চৌধুরী নয়ন, জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি বেলায়েত হোসেন বেলাল।

কলেজের অধ্যক্ষ মো. জাহাঙ্গীর আলম খান জানান, অসংখ্য দর্শকের চাপে কলেজের শ্রেণিকক্ষের সেমিপাকা টিনসেডটি পুরো ভেঙে যায়। এতে হতাহতের ঘটনা ঘটে।